

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ভূমি মন্ত্রণালয়  
প্রশাসন-৩ অধিশাখা  
(প্রশিক্ষণ ও শৃঙ্খলা)  
www.minland.gov.bd

স্মারক নং- ৩১.০০.০০০০.০৩৭.০৩.০২৯.২০১৩-৪৯৩

তারিখ: ২৪/১১/২০১৬ খ্রিঃ

**অফিস আদেশ**

ভূমি মন্ত্রণালয় ও এর আওতাধীন বোর্ড এবং অধিদপ্তর/দপ্তরসমূহের যে সকল কর্মকর্তা/কর্মচারীগণের নিয়োগকারী কর্তৃপক্ষ ভূমি মন্ত্রণালয় সে সকল ক্ষেত্রে কর্মকর্তাগণের আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা অর্পণ সংক্রান্ত অফিস আদেশের(স্মারক নং: ভূ:ম:/শা-১/বিবিধ-৫৪/২০০৭-১২৯৯, তারিখ: ০৮/১০/২০০৭খ্রিঃ) ক্রমিক নং-৩৪ মোতাবেক কর্মকর্তা/কর্মচারীগণের বিরুদ্ধে বিভাগীয় মামলার সূচনা ও নিষ্পত্তিকরণের লক্ষ্যে নির্দেশক্রমে নিম্নোক্তভাবে প্রশাসনিক ক্ষমতা অর্পণ করা হলো।

কাজের বিবরণ	অর্পিত ক্ষমতা		
	সচিব	অতিরিক্ত সচিব/ যুগ্ম-সচিব	উপসচিব
১	২	৩	৪
শৃঙ্খলা ও আপিল বিধি অনুসারে সংগতিপূর্ণ বিভাগীয় মামলার সূচনা ও নিষ্পত্তিকরণ	১ম শ্রেণি (নন-ক্যাডার)	২য় ও ৩য় শ্রেণি	৪র্থ শ্রেণি

০২। মন্ত্রণালয়ের কর্মবন্টন মোতাবেক সেটেলমেন্ট বিভাগের নন-ক্যাডার ১ম ও ২য় শ্রেণির কর্মকর্তাদের বিভাগীয় মামলা জরিপ-১ শাখা এবং ম্যানেজমেন্ট বিভাগে মাঠ পর্যায়ে কর্মরত নন-ক্যাডার ১ম ও ২য় শ্রেণির কর্মকর্তা, নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে মাঠপর্যায়ে কর্মরত ৩য় শ্রেণির সার্ভেয়ার এবং মন্ত্রণালয়ে কর্মরত নন-ক্যাডার ১ম ও ২য় শ্রেণির কর্মকর্তা এবং ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীদের বিভাগীয় মামলা প্রশাসন-৩ (প্রশিক্ষণ ও শৃঙ্খলা) অধিশাখা সম্পাদন করবে। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট অনুবিভাগ/অধিশাখার অতিরিক্ত সচিব/যুগ্ম-সচিব/উপসচিব তাদের উপর বর্ণিত অর্পিত ক্ষমতা প্রয়োগ করবেন।

০৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

৪৮:

(মোহাম্মদ আবদুল্লাহ আল মামুন)  
উপসচিব  
ফোন: ৯৫৪৯২৫৩

স্মারক নং- ৩১.০০.০০০০.০৩৭.০৩.০২৯.২০১৩-৪৯৩/১(৬)

তারিখ: ২৪/১১/২০১৬ খ্রিঃ

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার জিন্তিতে নয়):-

- ০১। অতিরিক্ত সচিব, ভূমি মন্ত্রণালয়।
- ০২। যুগ্ম-সচিব (প্রশাসন-১/জরিপ), ভূমি মন্ত্রণালয়।
- ০৩। উপসচিব, প্রশাসন-৩, ভূমি মন্ত্রণালয়।
- ০৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ০৫। প্রোগ্রামার, ভূমি মন্ত্রণালয়। অফিস আদেশটি ওয়েবসাইটে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো।
- ০৬। মাস্টার কপি।
- ০৭। অফিস কপি।

(মোহাম্মদ আবদুল্লাহ আল মামুন)  
উপসচিব